# ২০২৫

# বাংলা

(সাম্মানিক)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-14

(সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'মালবিকাগ্নিমিত্রম' নাটকের প্রধান দুটি চরিত্রের ইতিহাসভিত্তিক পরিচয় দাও।

খ) 'মৃচ্ছকটিকম' শব্দের অর্থ কী?

গ) 'কাদম্বরী' আখ্যানকাব্যের কথক কে? তার গুরুত্ব কী?

ঘ) কালিদাসের 'রঘুবংশম'কে কেন মহাকাব্য বলা হয় তার দুটি বৈশিষ্ট্য লেখো।

ঙ) রচনা হিসেবে 'হর্ষচরিত'-এর ঐতিহাসিক বৈশিষ্ট্য লেখো।

চ) ওয়ার্ডসওয়ার্থের 'Lyrical Ballads' কবে প্রকাশিত হয়েছিল? Ballad কথাটির অর্থ কী?

ছ) 'To a skylark' কবিতা কবে কাকে উদ্দেশ্য করে লেখা হয়েছিল?

(পরের পাতায়)

জ) 'Hyperion' কবিতাটি কার লেখা? এর প্রকাশ সাল উল্লেখ করো।

ঝ) 'Prometheus Unbound' কার লেখা ? Prometheus কে ?

ঞ) 'Pygmalion' কার লেখা? এটি কোন্ জাতীয় রচনা?

ট) মৈমনসিংহ গীতিকা'র যে কোনো দুটি প্রধান চরিত্রের নাম লেখো।

ঠ) মৈমনসিংহ গীতিকা এবং পূর্ববঙ্গ গীতিকা'র বৈসাদৃশ্যগুলি লেখো।

ড) 'ধাঁ ধাঁ' শব্দটির ভাষাতাত্ত্বিক ব্যাখ্যা করো।

ঢ) লোকগীতির সংজ্ঞা দাও।

ণ) তোমার এলাকায় প্রচলিত দুটি ধাঁধাঁর উল্লেখ করে তার অর্থ লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) কালিদাসের 'কুমারসম্ভবম' কাহিনি অবলম্বনে কাব্যটির বৈশিষ্ট্য লেখো।

খ) ভবভূতির 'উত্তররামচরিত'-এর রামচন্দ্র কীভাবে অঙ্কিত হয়েছেন তা আলোচনা করো।

গ) বার্ণাড শ-এর লেখা নাটক 'Arms and the Man' এখনও কেন প্রাসঙ্গিক তা আলোচনা করো।

ঘ) টি এস এলিয়টের 'The Wasteland' অবলম্বনে আধুনিক নগর জীবনের অবক্ষয়ের পরিচয় দাও।

ঙ) বাংলা ছড়ার মধ্যে শিশুর উদ্দেশ্যে রচিত যে কোনো পাঁচটি উল্লেখযোগ্য অংশ নির্দেশ করো।



চ) তোমার এলাকায় প্রচলিত যে কোনো দুটি লোকগীতি উল্লেখ করে তার সামাজিক মূল্য নির্ণয় করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'গীতগোবিন্দম্' কাব্য অবলম্বনে জয়দেবের কবিপ্রতিভার পরিচয় দাও।

খ) ঔপন্যাসিক হিসাবে চার্লস্ ডিকেন্সের কৃতিত্ব ব্যাখ্যা করো।

গ) ট্রাজেডি রচনায় শেক্সপিয়ারের কৃতিত্ব নিরূপণ করো।

ঘ) তোমার এলাকায় প্রচলিত প্রবাদ-প্রবচনের একটি তালিকা রচনা করে, তার সামাজিক গুরুত্ব বিচার করো।

———